ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯

স্মারক: ৩৯.০৬.২৬৭২.০০১.২২.০০২.২৩. ৬০৭

১১ শ্রাবন ১৪৩০
২৬ জুলাই ২০২৩

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজিতে "এনআইবি রিসার্চ ফেলোশিপ" এর আওতায় জীবপ্রযুক্তি বিষয়ে উচ্চতর গবেষণার জন্য নিম্নবর্ণিত ফেলোশিপ প্রদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্রমিক নং	ফেলোশিপের নাম ও প্রদত্ত ভাতার পরিমান	সংখ্যা	আবেদনের প্রয়োজনীয় যোগ্যতা
১।	**পোস্ট ডক্টরাল ফেলো** মাসিক ৬০,০০০/- টাকা এবং বার্ষিক আনুষাঙ্গিক ভাতা ১,২০,০০০/- টাকা	০২	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী; ২. স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়; ৩. প্রার্থীর পিএইচডি পর্যায়ে স্বীকৃত দেশি/ বিদেশি জার্নালে First author হিসেবে কমপক্ষে একটি (১) বৈজ্ঞানিক নিবন্ধ থাকতে হবে।
২।	**ডক্টরাল ফেলো** মাসিক ৪০,০০০/-টাকা এবং বার্ষিক আনুষাঙ্গিক ভাতা ৮০,০০০/- টাকা	০১	১. বিশ্ববিদ্যালয়ে পিএইচডি ডিগ্রির জন্য নিবন্ধনকৃত (সুপারভাইজরি টিমে এনআইবি'র একজন বিজ্ঞানী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত) (২) স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৩।	**পোস্ট গ্রাজুয়েট ফেলো** মাসিক ২৫,০০০/-টাকা ও এবং বার্ষিক আনুষাঙ্গিক ভাতা ৫০,০০০/- টাকা	০৭	১.স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি বিষয়ে এমএস/এমএসসি (থিসিস)/ এমফিল ডিগ্রীধারী বা বিশ্ববিদ্যালয়ে এমফিল ডিগ্রির জন্য নিবন্ধনকৃত (সুপারভাইজরি টিমে এনআইবি'র একজন বিজ্ঞানী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত); ২.স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
৪।	**এমএসসি/এমএস থিসিস ফেলো** মাসিক ১৫,০০০/- টাকা।	০২	এনআইবি'র এমএস/এমএসসি থিসিস গবেষণা কার্যক্রম পরিচালনার নীতিমালা অনুসারে এনআইবি-তে পূর্ণকালীন থিসিস অধ্যয়নরত বা থিসিস এর জন্য মনোনীত।

সাধারণ শর্তাদি:

১. সকল প্রকার থিসিস/গবেষণার কাজ আবশ্যিক ভাবে এনআইবি'তে এবং এনআইবি'র একজন গবেষনা তত্ত্বাবধায়কের অধীনে সম্পন্ন করতে হবে।

২. বায়োইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স/আইসিটি বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারীগণ, পোস্ট গ্রাজুয়েট ও ডক্টরাল ফেলোশিপের জন্য এবং পিএইচডি ডিগ্রীধারীগণ পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন।

৩. আবেদন জমাদানের শেষ তারিখে পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৪৫ বছর, ডক্টরাল ফেলোশিপের জন্য অনুর্ধ্ব ৩৫ বছর এবং পোস্ট গ্রাজুয়েট ফেলোশিপ ও এমএস/এমএসসি থিসিস ফেলোশিপের জন্য অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে।

৪. 'জাতীয় জীবপ্রযুক্তি নীতির' কর্মপরিকল্পনা অনুযায়ী এবং/এনআইবিতে চলমান গবেষণা প্রকল্পগুলোর সাথে সঙ্গতিপূর্ণ একটি প্রকল্প প্রস্তাব অনলাইন আবেদনপত্রের সাথে নির্ধারিত ফরমেটে নিম্ন প্রদত্ত ছক অনুযায়ী pdf ফাইল আপলোড করতে হবে (সর্বোচ্চ ২ পাতা যা ৫০০ KB এর মধ্যে হতে হবে)। এজন্য সংশ্লিষ্ট বিভাগে কর্মরত বিজ্ঞানীদের সাথে যোগাযোগ করা যেতে পারে।

1.Title of the project, 2. Scientific background of the project: a. Significance of the proposed research, b. Related work already performed or in progress at home / abroad, c. Research Objectives, 3. Research plan including methods or techniques to be used, 4. Expected outcome of the research project, 5. References

৫. সাক্ষাৎকারের সময় প্রার্থীদেরকে (শুধুমাত্র যোগ্য) প্রস্তাবিত গবেষণা প্রকল্পের উপর পাওয়ার পয়েন্টে উপস্থাপনা প্রদান করতে হবে। এজন্য পোস্ট ডক্টরাল/ ডক্টরাল ফেলো প্রার্থীগণ ১০ মিনিট এবং পোস্ট গ্রাজুয়েট ফেলো ও এমএসসি/এমএস থিসিস প্রার্থীগণ ৫ মিনিট সময় পাবেন।

৬. ডক্টরাল এবং পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য মনোনীত প্রার্থীদের প্রাথমিকভাবে ১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সর্ম্পকে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ সাপেক্ষে পর্যায়ক্রমে এক বছর করে ডক্টরাল ফেলোশিপের মেয়াদ আরো তিন বছর এবং পোস্ট ডক্টরাল ফেলোশিপের মেয়াদ আরো দুই বছর বৃদ্ধি করা যেতে পারে।

৭. এমএস/এমএসসি (থিসিস) ফেলোশিপের জন্য মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে প্রাথমিকভাবে ছয় মাস এবং এমএস/এমএসসি (থিসিস)/ এমফিল ডিগ্রীধারী বা এমফিল অধ্যয়নরত মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে প্রাথমিকভাবে এক বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সর্ম্পকে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ সাপেক্ষে এমএস/এমএসসি (থিসিস) ফেলোশিপের মেয়াদ আরও ছয় মাস এবং এমএস/এমএসসি (থিসিস) ডিগ্রীধারী বা এমফিল অধ্যয়নরতদের জন্য আরও এক বছর বৃদ্ধি করা যেতে পারে।

৮. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

(ক) আবেদনে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nibf.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করবেন।
আবেদনের সময় সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ৩১ জুলাই ২০২৩, সকাল ১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ৩০ আগস্ট ২০২৩, বিকাল ৪:০০টা।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ আবেদন ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিণ ছবি (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি ফেলোশিপ সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং সাক্ষাৎকারের সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিণ প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং তা ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ০১ ও ০২ নং ক্রমিকের প্রার্থীরা ১০০০/- টাকা, ০৩ ও ০৪ নং ক্রমিকের প্রার্থীরা ৫০০/- টাকা, বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না" ।

প্রথম SMS: **NIBF**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **NIBF ABCDEF**

Reply Applicant's Name, TK. (1000/500) will be charged as application fee. Your PIN is 12345678.

To Pay fee Type NIB<Space>Yes<Space> PIN and send to 16222

দ্বিতীয় SMS: **NIBF** <Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **NIBF Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ------------.

Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nibf.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে ফেলোশিপ সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, ফেলোশিপের নাম, ছবি, সাক্ষাৎকারের সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিণ প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি, সাক্ষাৎকারের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **NIBF** <Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.

Example: **NIBF Help USER ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে **NIBF**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN Number** and Send to 16222

Example: **NIBF Help PIN 12345678**

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা nibmanpower2015@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: NIBF, Fellowship Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর http://nib.gov.bd ওয়েবসাইটে এবং http://nibf.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

৯. সাক্ষাৎকারের সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতা সনদ (থিসিসসহ), অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার প্রমাণস্বরূপ ইউনিয়ন চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও, সাক্ষাৎকারের সময় Applicant Copy এবং উক্ত সকল সনদের ০১ (এক) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০. সাক্ষাৎকারের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. আবেদনপত্র গ্রহণ, বাতিল, নিয়োগ এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২৬/০৭/২০২৩

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

E-mail: dgnibbd@gmail.com